

ক্যাম্পাসে গুলি  
ছাত্র লাঞ্চিত  
(ইত্তেফাক রিপোর্ট)  
ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে  
সন্ত্রাসকারীদের আনাগোনা কমে  
নাই। শনিবার রাতেও ৩/৪টি হলে  
গুলি বর্ষণের ঘটনা ঘটিয়াছে।  
(১০ পৃ: স্র:)

ক্যাম্পাসে গুলি  
(১ম পৃ: পর)  
জসীম উদ্দিন ও মোহসীন হলে  
ইহাদের উপস্থিতি প্রকট। একটি  
সূত্রের মতে, এই দুই হলে বিবাদ-  
মান দুই গ্রুপ প্রাধান্য বিস্তারের  
চেষ্টা অব্যাহত রাখিয়াছে। এক-  
জন ছাত্র জানায় পুলিশের কড়া  
প্রহরা সত্ত্বেও ক্যাম্পাসে কতিপয়  
তরুণের সশস্ত্র উপস্থিতি সাধারণ  
ছাত্রদের জন্য ভয়ের কারণ হইয়া  
দাঁড়াইয়াছে। রাত ১০টার পর  
কলাভবন সংলগ্ন হল ক্যাম্পাস  
গুলিতে প্রথমতঃ পরিবেশের সৃষ্টি  
হয়। হলের করিডোর হইতে  
মাঝেমাঝে কতিপয় ছাত্রের  
'হলট' চিৎকার পরিবেশকে ভয়া-  
বহ করিয়া তোলে। গভীর রাতে  
২/৩টি হলের ছাদে, গেটে সশস্ত্র  
তরুণদের প্রহরা বসে বলিয়া একটি  
সূত্র মন্তব্য করিয়াছে।  
গত শনিবার ছাত্র দলের কেন্দ্রীয়  
আহ্বায়ক কমিটি এক জরুরী সভায়  
ক্যাম্পাস পরিস্থিতিতে উষ্ম  
প্রকাশ করিয়াছে। ছাত্র দলের  
কোন কর্মী সন্ত্রাসকারী হিসাবে  
সনাক্ত হইলে তাহাকে বহিষ্কার  
করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত  
নেওয়া হয়। কেন্দ্রীয় আহ্বায়ক  
আমানউল্লাহ আমান সভাপতিত্ব  
করেন।  
এদিকে গতকাল বিকালে  
জসীমউদ্দিন হল ক্যাম্পাসে ছাত্র  
শিবির নেতা ওবায়দ লাঞ্চিত  
হন। একদল ছাত্র তাহাকে অপ-  
দত্ত করিয়া ক্যাম্পাস ত্যাগে বাধ্য  
করে।